

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ৪, ২০০৯

[ বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ  
চট্টগ্রাম

প্রজ্ঞাপন

তারিখ, ৩ ফাল্গুন ১৪১৫/১৫ ফেব্রুয়ারি ২০০৯

এস, আর, ও, নং ২২-আইন/২০০৯।—Chittagong Development Authority Ordinance, 1959 (E.P. Ordinance No.LI of 1959) এর section 81 এ প্রদত্ত ক্ষমতাবলে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল,  
যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।—(১) এই প্রবিধানমালা চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী (অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধানমালা, ২০০৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা নিম্নলিখিত কর্মচারীগণ ব্যতীত, কর্তৃপক্ষের সকল কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে,  
যথাঃ—

- (ক) প্রেষণে নিয়োজিত কর্মচারী;
- (খ) সম্পূর্ণ অস্থায়ী, খণ্ডকালীন, দৈনিক বা চুক্তি ভিত্তিতে নিয়োজিত কর্মচারী ; এবং
- (গ) এমন সকল কর্মচারী, যাহারা এই প্রবিধানমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদানকারী ছিলেন, কিন্তু প্রবিধান ১০(১)(খ) এর বিধান অনুসারে অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রাপ্তির ইচ্ছা প্রকাশ করেন নাই।

( ২১০৭ )  
মূল্য : টাকা ১২.০০

২। সংজ্ঞা।—বিষয় অথবা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

- (ক) “ঝআইন” অর্থ Chittagong Development Authority Ordinance, 1959 (E.P. Ordinance No.LI of 1959);
  - (খ) “ঝঅংশ প্রদায়ক ভবিষ্য তহবিল” অর্থ কর্মচারীগণের মাসিক বেতন হইতে প্রদত্ত নিয়মিত মাসিক চাঁদা, কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নির্ধারিত চাঁদা এবং উভয় চাঁদার অর্থের সুদ সমন্বয়ে গঠিত অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল ;
  - (গ) “ঝকর্তৃপক্ষ” অর্থ আইনের section 3 এর অধীন প্রতিষ্ঠিত চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ ;
  - (ঘ) “ঝকর্মচারী” অর্থ কর্তৃপক্ষের কোন কর্মচারী এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন ;
  - (ঙ) “ঝগণনাযোগ্য চাকুরী” অর্থ প্রবিধান ১৪ এর অধীন গণনাযোগ্য চাকুরী ;
  - (চ) “ঝচাঁদা প্রদানকারী” অর্থ এই প্রবিধানমালা অনুসারে তহবিলে চাঁদা প্রদানকারী কোন কর্মচারী ;
- “ট্রাস্টী বোর্ড” অর্থ প্রবিধান ৪ এর অধীন গঠিত চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী অবসরভাতা তহবিল ট্রাস্টী বোর্ড ;
- (ছ) “ঝতফসিল” অর্থ এই প্রবিধানমালার তফসিল ;
  - (জ) “ঝতহবিল” অর্থ প্রবিধান ৩ এর অধীন গঠিত চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি তহবিল ;
  - (ঝ) “ঝপরিবার” অর্থ—

- (অ) কর্মচারী পুরুষ হইলে, তাঁহার স্ত্রী বা স্ত্রীগণ ও তাঁহার সন্তানগুস্ততিগণ এবং তাঁহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তানগুস্ততিগণ, অথবা উক্ত স্ত্রী বা সন্তানগুস্ততিগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উত্তরাধিকারীগণঃ

তবে শর্ত থাকে যে, যদি কোন কর্মচারী প্রমাণ করেন যে, আদালতের আদেশ অনুসারে তিনি ও তাঁহার স্ত্রী আলাদাভাবে বসবাস করেন অথবা তাঁহার স্ত্রী প্রথাভিত্বিক আইন অনুসারে খোরপোষ লাভের অধিকার পাইয়াছেন, তাহা হইলে উক্ত স্ত্রীকে পরিবারভুক্ত করিবার জন্য উক্ত কর্মচারী কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্ত্রী এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে উক্ত কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না ; এবং

(আ) কর্মচারী মহিলা হইলে, তাঁহার স্বামী এবং সন্তান-সন্ততিগণ ও তাঁহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান-সন্ততিগণ, অথবা উক্ত স্ত্রী বা সন্তান-সন্ততিগণের অবর্তমানে উক্ত কর্মচারীর বৈধ উন্নরাধিকারীগণঃ

তবে শর্ত থাকে যে, কোন মহিলা কর্মচারী তাঁহার স্বামীকে এই প্রবিধানমালার কোন সুবিধা পাইবার ব্যাপারে তাঁহার পরিবারভুক্ত না করিবার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ করিয়া থাকিলে, উহার বিপরীতে ইচ্ছা প্রকাশ না করা পর্যন্ত, উক্ত স্বামী উক্ত কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবে না;

(ট) “যথাযথ কর্তৃপক্ষ” অর্থ এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, কোন নির্দিষ্ট কর্তব্য সম্পাদনের জন্য কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তা।

৩। তহবিল গঠন।—এই প্রবিধানমালা কার্যকর হওয়ার পর কর্মচারীগণকে এই প্রবিধানমালার অধীনে অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রদানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ সমন্বয়ে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী অবসরভাতা তহবিল নামে একটি তহবিল গঠিত হইবে, যথা :—

- (ক) প্রবিধান ১০(৩) এর দফা (খ) ও (গ) এর অধীন জমাকৃত অর্থ;
- (খ) প্রবিধান ১০(১) এর অধীন যে সকল কর্মচারী অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পাইবার ইচ্ছা প্রকাশ করেন সেই সকল কর্মচারী অনুরূপ ইচ্ছা প্রকাশ না করিলে তাহাদের অনুকূলে অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে প্রতিমাসে কর্তৃপক্ষ যে অর্থ প্রদান করিত সেই অর্থ;
- (গ) কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে সময় সময় তহবিলে প্রদত্ত এককালীন মঞ্জুরী;
- (ঘ) তহবিলের অর্থ বিনিয়োগ হইতে অর্জিত আয়; এবং
- (ঙ) অন্যান্য উৎস হইতে প্রাপ্ত অর্থ।

৪। ট্রাস্টী বোর্ড।—(১) তহবিলের ব্যবস্থাপনা, সংরক্ষণ ও বিনিয়োগের উদ্দেশ্যে, কর্তৃপক্ষের নিম্নবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ অবসরভাতা তহবিল ট্রাস্টী বোর্ড নামে একটি বোর্ড থাকিবে, যথা :—

- |   |                            |
|---|----------------------------|
| (ক) চেয়ারম্যান   | চেয়ারম্যান (পদাধিকারবলে); |
| (খ) প্রধান প্রকৌশলী   | সদস্য (পদাধিকারবলে);       |
| (গ) সচিব  | সদস্য (পদাধিকারবলে);       |
| (ঘ) অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা  | সদস্য (পদাধিকারবলে);       |
| (ঙ) অডিট অফিসার   | সদস্য (পদাধিকারবলে); এবং   |
| (চ) কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্য হইতে চেয়ারম্যান কর্তৃক দুইজন প্রতিনিধি মনোনীত হইবেন। |                            |

(২) ট্রাস্টী বোর্ড উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনকল্পে উহার এক বা একাধিক সদস্য সমন্বয়ে এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে।

(৩) উপ-প্রবিধান (১)(গ) তে উল্লিখিত সদস্য ট্রাস্টী বোর্ডের সচিব এবং আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হইবেন।

৫। ট্রাস্টী বোর্ডের ক্ষমতা ও কার্যাবলী।—ট্রাস্টী বোর্ডের ক্ষমতা ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) এই প্রবিধানমালার বিধান অনুসারে তহবিলের অর্থের যথাযথ ব্যবহার ও উহার রক্ষণাবেক্ষণ;
- (খ) কর্তৃপক্ষের পূর্বানুমোদন সাপেক্ষে, প্রয়োজনবোধে তহবিলের জন্য ঝুণ গ্রহণ;
- (গ) প্রবিধান ৬ এর বিধান অনুযায়ী তহবিলের অর্থ বিনিয়োগ এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- (ঘ) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব রক্ষণাবেক্ষণের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ;
- (ঙ) প্রতি আর্থিক বৎসর সমষ্টির পরবর্তী মাসে তহবিলের আয়, ব্যয়, বিনিয়োগ অন্যান্য বিষয় সম্পর্কে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন উপস্থাপন; এবং
- (চ) উপরি-উক্ত কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে সকল আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণ।

৬। তহবিলের অর্থ জমা, বিনিয়োগ ইত্যাদি।—ট্রাস্টী বোর্ড কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, তহবিলের অর্থ এইরূপে বিনিয়োগ করিবে যাহাতে উক্ত বিনিয়োগ হইতে সম্ভাব্য সর্বাপেক্ষা অধিক আয় হইতে পারে এবং এতদুদ্দেশ্যে ট্রাস্টী বোর্ড তহবিলে সম্পূর্ণ বা আংশিক অর্থ কোন রাষ্ট্রায়ত্ব ব্যাংকের স্থায়ী আমানতে বা সঞ্চয়ী হিসাবে রাখিতে বা কোন লাভজনক সরকারী সিকিউরিটিতে বিনিয়োগ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, ট্রাস্টী বোর্ড, কর্তৃপক্ষের পূর্বানুমোদন সাপেক্ষে, প্রতি বৎসর এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি পরিশোধের উদ্দেশ্যে সম্ভাব্য প্রয়োজনীয় অর্থ কোন রাষ্ট্রায়ত্ব ব্যাংকের একটি চলতি হিসাবে জমা রাখিতে পারিবে।

৭। আয়ন ও ব্যয়ন কর্মকর্তার কার্যাবলী।—তহবিলের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবেন, যথা :—

- (ক) তহবিলের আয় ও ব্যয়ের হিসাবরক্ষণ;
- (খ) এই প্রবিধানমালার অধীনে প্রদেয় অবসরভাতা ও অন্যান্য সুবিধাদি যথাযথ কর্তৃপক্ষের আদেশ অনুসারে যথাশীঘ্ৰ পরিশোধ;
- (গ) প্রবিধান ৫ এ উল্লিখিত আমানত, ব্যাংক-হিসাব পরিচালনা ও বিনিয়োগ কমিটির নির্দেশ (যদি থাকে) বাস্তবায়ন;
- (ঘ) প্রবিধান ২৮ এর অধীন কার্যাবলী সম্পাদন।

৮। তহবিলের অর্থ ব্যয় ও হিসাব নিরীক্ষা—(১) তহবিলের অর্থ কর্মকর্তাগণের অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রদানের উদ্দেশ্যে ব্যয় করা হইবে।

(২) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব কর্তৃপক্ষের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক নিরীক্ষিত হইবে।

৯। অবসরভাতা পাইবার যোগ্যতা—এই প্রবিধানমালা যে সকল কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য তাঁহারা সকলেই এই প্রবিধানমালার বিধানাবলী অনুসারে অবসরভাতা ও অবসরজনিত অন্যান্য সুবিধাদি পাইবার অধিকারী হইবেন।

১০। কতিপয় কর্মচারীদের ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্তির ইচ্ছা প্রকাশ—(১) এই প্রবিধানমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে চাকুরীরত কোন কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলের চাঁদা প্রদান করিতে থাকিলে—

(ক) তিনি উক্তরূপ প্রবর্তনের পরেও উক্ত তহবিলের চাঁদা প্রদান অব্যাহত রাখিতে পারেন; অথবা

(খ) তিনি উক্ত প্রবিধানমালা প্রবর্তনের পর চাকুরী হইতে অবসর গ্রহণ করিয়া থাকুন বা চাকুরীরত থাকুন, এই প্রবিধানমালা সরকারী গেজেটে প্রকাশের এক মাসের মধ্যে এই প্রবিধানমালার অধীন অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পাইবার ইচ্ছা প্রকাশ করিয়া নিখিতভাবে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করিবেন :

তবে শর্ত থাকে যে, উক্তরূপ প্রবর্তনের তারিখের পর এই প্রবিধানমালা সরকারী গেজেটে প্রকাশের পূর্বে কোন অবসরপ্রাপ্ত কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল এবং আনুতোমিক এর সুবিধা গ্রহণ করিয়া থাকিলে তিনি এই দফার অধীন ইচ্ছা প্রকাশ করিবার অধিকারী হইবেন না।

(২) উপ-প্রবিধান ১(খ) এর অধীন কোন কর্মচারী অবসর ভাতা পাইবার ইচ্ছা প্রকাশ না করিলে, তিনি অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান অব্যাহত রাখিবেন বলিয়া গণ্য করা হইবে এবং সেই ক্ষেত্রে তিনি এই প্রবিধানমালার অধীন অবসরভাতা ও অবসরজনিত সুবিধা পাইবার অধিকারী হইবেন না।

(৩) কোন কর্মচারী উপ-প্রবিধান (১)(খ) অনুসারে অবসরভাতা প্রাপ্তির ইচ্ছা প্রকাশ করিলে—

(ক) তিনি অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান বন্ধ করিয়া সাধারণ ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করিবেন;

(খ) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে উক্ত কর্মচারীর হিসাবে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত সুদ তহবিলে জমা হইবে;

- (গ) তিনি অনুরূপ ইচ্ছা প্রকাশের পূর্ব পর্যন্ত চাকুরীকালের জন্য চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ এর প্রবিধান ৫২ অনুসারে কোন আনুতোষিক পাইবার অধিকারী হইবেন না এবং তাহার, উক্তরূপ ইচ্ছা প্রকাশের পরবর্তী চাকুরীকালের প্রতিটি অর্থ বৎসরের বা আংশিক বৎসরের সর্বশেষ দিবসে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর প্রাপ্ত দুই মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ তহবিলে জমা করিবে;
- (ঘ) উক্ত কর্মচারীর চাকুরীরকাল অবসরভাবে প্রাপ্তির উদ্দেশ্যে গণনাযোগ্য চাকুরীকাল হিসেবে গণনা করা হইবে; এবং
- (ঙ) অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে উক্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত সুদ সাধারণ ভবিষ্য তহবিলে স্থানান্তরিত করা হইবে।

**১১। অবসর গ্রহণ।**—প্রবিধান ১২ ও ১৩ এর বিধান সাপেক্ষে, একজন কর্মচারী তাঁহার সাতান্ন বৎসর বয়স পূর্তিতে চাকুরী হইতে অবসর গ্রহণ করিবেন।

**১২। স্বেচ্ছায় অবসর গ্রহণ।**—(১) একজন কর্মচারী পঁচিশ বৎসর চাকুরী সমাপ্ত করিবার পর, তাঁহার নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত নোটিশ প্রদান করিয়া চাকুরী হইতে অবসর গ্রহণ করার জন্য ইচ্ছা প্রকাশ করিতে পারেন।

(২) যে তারিখ হইতে সংশ্লিষ্ট কর্মচারী স্বেচ্ছায় অবসর গ্রহণ করিতে আগ্রহী তিনি, সেই তারিখের কমপক্ষে ত্রিশ দিন পূর্বে, উপ-প্রবিধান(১) এর অধীন উক্তরূপ ইচ্ছা প্রকাশের নোটিশ প্রদান করিবেন।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন স্বেচ্ছায় অবসর গ্রহণের ইচ্ছা প্রকাশ করিয়া নোটিশ প্রদান করা হইলে, উক্ত নোটিশ উল্লিখিত অবসর গ্রহণের তারিখ ছৃঙ্খলান্ত তারিখ বলিয়া গণ্য হইবে, যাহা সংশোধন বা প্রত্যাহার করা যাইবে না।

**১৩। কর্তৃপক্ষ কর্তৃক অবসর প্রদান।**—(১) কর্তৃপক্ষ উহার কোন কর্মচারীকে অবসর প্রদান করিতে পারিবে, যদি—

- (ক) উক্ত কর্মচারী পঁচিশ বৎসর চাকুরী সমাপ্ত করিয়া থাকেন এবং কর্তৃপক্ষ মনে করে যে, কর্তৃপক্ষের স্বার্থে উক্ত কর্মচারীকে অবসর প্রদান করা প্রয়োজন; অথবা
- (খ) যথাযথ কর্তৃপক্ষ শৃঙ্খলাজনিত বিষয়ে উক্ত কর্মচারীকে কোন বিভাগীয় মামলায় দোষী সাব্যস্ত করিয়া বাধ্যতামূলক অবসর প্রদানের দণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**১৪। গণনাযোগ্য চাকুরী।**—(১) এই প্রবিধানমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কোন কর্মচারীর গণনাযোগ্য চাকুরীকাল বলিতে কর্তৃপক্ষের কোন স্ব-বেতন, পূর্ণকালীন ও স্থায়ী পদের বিপরীতে স্থায়ী ভিত্তিতে নিয়োজিত হইয়া চাকুরীতে যোগদানের তারিখ হইতে অবসর গ্রহণ বা তাঁহাকে কর্তৃপক্ষ কর্তৃক অবসর প্রদান বা চাকুরী হইতে বরখাস্ত বা অবসায়ন বা পদ অবলুপ্তি বা মৃত্যুর মাধ্যমে চাকুরী অবসান হওয়ার তারিখ পর্যন্ত সময়কালকে বুঝাইবে।

(২) গণনাযোগ্য চাকুরী হিসাবের ক্ষেত্রে শুধুমাত্র সমাপ্ত পূর্ণ বৎসরকে গণনা করা হইবে এবং বৎসরে ভগ্নাংশকে বর্জন করা হইবে।

(৩) কোন কর্মচারীর বিনা বেতন ছুটিকাল গণনাযোগ্য চাকুরীকাল হিসাবে গণ্য করা হইবে না।

(৪) কোন কর্মচারীর বয়স আঠার বৎসর পূর্ণ হইবার পূর্বের চাকুরীকাল গণনাযোগ্য চাকুরী হিসাবে গণ্য হইবে না।

**১৫। গণনাযোগ্য চাকুরীতে ঘাটতি প্রমার্জন।**—(১) অবসরভাতা মঞ্জুরীর ক্ষেত্রে, কোন কর্মচারীর প্রয়োজনীয় গণনাযোগ্য চাকুরীতে ঘাটতি দেখা দিলে—

(ক) ছয় মাস বা তদপেক্ষা কম সময়ের ঘাটতি মওকুফ করা হইয়াছে বলিয়া গণ্য করা হইবে;

(খ) ছয় মাসের বেশী কিন্তু এক বৎসরের বেশী নয় এইরূপ সময়ের ঘাটতি কর্তৃপক্ষ কর্তৃক প্রমার্জন করা হইবে, যদি তিনি—

(অ) চাকুরীর থাকাকালে মৃত্যুবরণ করিয়া থাকেন; অথবা

(আ) তাঁহার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে (যেমন-পঙ্কত বা পদ অবলুপ্তি) অবসর গ্রহণ করিয়া থাকেন, কিন্তু উক্ত নিয়ন্ত্রণ বহির্ভূত ঘটনা না ঘটিলে তিনি কমপক্ষে আরও এক বৎসর গণনাযোগ্য চাকুরী করিতে পারিতেন;

(২) গণনাযোগ্য চাকুরীতে এক বৎসরের বেশী সময়ের ঘাটতি কোন অবস্থাতেই প্রমার্জন করা হইবে না।

**১৬। অবসরভাতা প্রাপ্তির জন্য ন্যূনতম গণনাযোগ্য চাকুরী।**—কোন কর্মচারী অন্ত্যতঃ দশ বৎসর গণনাযোগ্য চাকুরী না করিয়া থাকিলে, তিনি কোন প্রকারের অবসরভাতা পাইবেন না।

**১৭। ক্ষতিপূরণমূলক অবসরভাতা।**—কোন কর্মচারী দশ বৎসর চাকুরী সমাপ্ত করিবার পর, তাঁহার পদ অবলুপ্ত হইলে এবং তাঁহাকে অন্য কোন সমান বা নিম্নতর পদে নিয়োগ করা না হইলে বা তিনি এইরূপ কোন পদে যোগদান করিতে না চাহিলে, তাঁহাকে ক্ষতিপূরণমূলক অবসরভাতা প্রদান করা যাইতে পারে।

**১৮। অক্ষমতাজনিত অবসরভাতা।**—কোন কর্মচারী দশ বৎসর গণনাযোগ্য চাকুরী সমাপ্ত করিবার পর, কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে নিয়োজিত স্বাস্থ্য কর্তৃপক্ষের প্রত্যয়নের ভিত্তিতে, যথাযথ কর্তৃপক্ষ যদি এইরূপ অভিমত পোষণ করে যে, কর্তৃপক্ষের চাকুরীতে কর্মরত থাকাকালে শারীরিক বা মানসিক অসুস্থতার ফলে উক্ত কর্মচারী স্থায়ীভাবে অক্ষম হইয়া পড়িয়াছেন, তাহা হইলে তাঁহাকে অক্ষমতাজনিত অবসরভাতা প্রদান করা যাইতে পারে।

**১৯। পারিবারিক অবসর ভাতা।**—(১) কোন কর্মচারী অন্যন্য দশ বৎসর গণনাযোগ্য চাকুরী সমাপ্ত করিবার পর, কিন্তু অবসর গ্রহণের পূর্বে, মৃত্যুবরণ করিলে, উক্ত কর্মচারীর অবসর গ্রহণের ক্ষেত্রে তফসিল-১ এ বিধৃত হার অনুসারে তিনি যে অবসরভাতা পাইতেন, তাঁহার পরিবার সেই ভাতার সমপরিমাণে পারিবারিক অবসরভাতা উক্ত কর্মচারীর মৃত্যুর পর পনের বৎসর পর্যন্ত পাইবেন।

(২) যে কোন প্রকার অবসরভাতা প্রাপ্তি শুরু করিবার পর পনের বৎসর অতিক্রান্ত হইবার পূর্বে কোন অবসর প্রাপ্তি কর্মচারী মৃত্যুবরণ করিলে, উক্ত কর্মচারীর মৃত্যুর পর তাঁহার পরিবারবর্গ উক্ত পনের বৎসর মেয়াদের অবশিষ্ট সময় পর্যন্ত উক্ত অবসরভাতার সমপরিমাণ ভাতা পাইবেন।

(৩) উপ-প্রবিধান(১) এবং(২) তে যাহা কিছুই থাকুক না কেন, কোন কর্মচারীর মৃত্যুর পর তাঁহার বিধবা স্ত্রী বা স্ত্রীগণ পুনঃ বিবাহ না করিলে এবং প্রতিবন্ধকতার কারণে উপার্জনে অক্ষম সন্তান-সন্ততিগণ, উপ-প্রবিধান(১) এ উল্লিখিত হারে আজীবন পারিবারিক অবসরভাতা পাইবেন।

২০। অবসরভাতা প্রাপ্তির মেয়াদ।—প্রবিধান ১৯(১) এর বিধান সাপেক্ষে, কোন অবসরপ্রাপ্ত কর্মচারী তাঁহার মৃত্যু পর্যন্ত অবসর ভাতা পাইবেন।

২১। অবসরভাতার হার।—কোন কর্মচারীর প্রাপ্ত অবসরভাতা, তাঁহার প্রাপ্ত সর্বশেষ মূল বেতন(অবসর প্রস্তুতি ছুটিকালীন সময়ের বর্ধিত বেতন প্রাপ্ত হইলে তাহাসহ) এর ভিত্তিতে তফসিল-১ এ বিখ্যুত গণনাযোগ্য চাকুরীকালের বিপরীতে উল্লিখিত হার অনুসারে নির্ধারিত হইবে এবং উক্ত অবসরভাতা তাঁহাকে মাসে মাসে প্রদান করা হইবে:

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারী অবসরভাতা সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত সীমার উক্ত হইবে না।

২২। অবসর গ্রহণের প্রস্তুতিমূলক ছুটি।—(১) অবসর গ্রহণের জন্য প্রস্তুতিমূলক ছুটি হিসাবে কোন কর্মচারী ছুটি পাওনা সাপেক্ষে এক বৎসর ছুটি ভোগ করিতে পারেন এবং অবসর গ্রহণের তারিখের পরবর্তী সময়ে উহা ভোগ করা যাইবে, তবে এই ছুটি অবসর গ্রহণের তারিখ হইতে এক বৎসর বা উক্ত কর্মচারীর আটান্ন বৎসর বয়স সীমা, যাহাই পূর্বে সমাপ্ত হয়, অতিক্রম করিবে না।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন ছুটি ভোগ করা কালে কোন কর্মচারী তাহার সর্বশেষ বেতনের হিসাবে ছয় মাসের পূর্ণ বেতন এবং বাকী ছয় মাস উক্ত সর্বশেষ বেতনের অর্ধেক বেতন পাইবেন।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্ত ছুটি শেষ হওয়ার তারিখ হইতে সংশ্লিষ্ট কর্মচারীর অবসর গ্রহণ কার্যকর হইবে।

২৩। অবসরভাতা সমর্পণ।—(১) কোন কর্মচারী বা তাহার পরিবারের সদস্যগণ, প্রবিধান ১৯ এর উপ-প্রবিধান(৩) এ উল্লিখিত বিধবা স্ত্রী বা স্ত্রীগণ এবং প্রতিবন্ধী সন্তান ব্যতীত, অবসরভাতা পাইবার অধিকারী হইলে, তিনি বা উক্ত সদস্যগণ ইচ্ছা করিলে প্রাপ্ত অবসরভাতার অনধিক অর্ধাংশ সমর্পণ করিয়া উহার পরিবর্তে নিয়ন্ত্রিত হারে এককালীন থোক টাকা গ্রহণ করিতে পারেন :

গণনাযোগ্য চাকুরীকাল	সমর্পিত প্রতিটি টাকার জন্য প্রাপ্ত টাকার পরিমাণ
(ক) দশ বৎসর বা তদূর্ধ্ব কিন্তু পনের বৎসরের কম	২৩০ টাকা
(খ) পনের বৎসর বা তদূর্ধ্ব কিন্তু বিশ বৎসরের কম	২১৫ টাকা
(গ) বিশ বৎসর বা তদূর্ধ্ব	২০০ টাকা

(২) উপ-প্রবিধান(১) এ উল্লিখিত অবসরভাতা পাইবার অধিকারী কোন কর্মচারী, বা ক্ষেত্রমত, তাঁহার পরিবারের সদস্যগণ ইচ্ছা করিলে উক্ত উপ-প্রবিধানে উল্লিখিত অবসরভাতার সমর্পণযোগ্য অর্ধাংশের পরবর্তী অর্ধাংশ ও সমর্পণ করিয়া উহার পরিবর্তে উক্ত উপ-প্রবিধানে উল্লিখিত হারের অর্ধেক হারে থোক টাকা গ্রহণ করিতে পারেন।

**২৪। অবসরভাতা গ্রহণের অন্য মনোনয়ন**—কোন কর্মচারীর মৃত্যুর পর যাহাতে তাঁহার পরিবারের প্রাপ্য অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি উক্ত পরিবারের পক্ষে গ্রহণ করা সম্ভব হয় সেই উদ্দেশ্যে প্রত্যেক কর্মচারী প্রবিধান ১০(১)(খ) এর শর্তের বিধান সাপেক্ষে তিনি এই প্রবিধানমালা প্রবর্তনের সময় চাকুরীরত কর্মচারী হইলে, এই প্রবিধানমালা সরকারী গেজেটে প্রকাশের তারিখের ১৮০ (একশত আশি) দিনের মধ্যে, এবং উক্ত তারিখের পরে চাকুরীতে যোগদান করিলে, চাকুরীতে যোগদানের তারিখ হইতে ৯০(নবই) দিনের মধ্যে তফসিল-২এ বিধৃত ফরম পূরণ করিয়া তাঁহার অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রাপ্তির জন্য এক বা একাধিক ব্যক্তিকে মনোনীত করিয়া উক্ত ফরমটি যথাযথ কর্তৃপক্ষের নিকট জমা দিবেন :

তবে শর্ত থাকে যে, এই প্রবিধানমালা সরকারী গেজেটে প্রকাশের তারিখের পূর্বেও যদি কোন কর্মচারী উক্ত উদ্দেশ্যে কোন মনোনয়ন দিয়া থাকেন, তাহা হইলে উক্ত মনোনয়ন, এই প্রবিধানমালার সহিত সংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে, এই প্রবিধানমালার অধীন প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে ।

(২) কোন কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিত নোটিশ দিয়া যে কোন সময় উক্ত মনোনয়ন বাতিল করিতে পারেন, তবে এইরূপ নোটিশের সহিত একটি নতুন মনোনয়ন দাখিল করিতে হইবে ।

**২৫। কতিপয় বিধি নিষেধ**—(১) কোন কর্মচারী চাকুরীতে ইস্তফা দিলে বা চাকুরী হইতে অপসারিত বা বরখাস্ত হইলে, তিনি কোন অবসরভাতা পাইবেন না :

তবে শর্ত থাকে যে, অসদাচরণ বা অদক্ষতার কারণে কোন কর্মচারী অপসারিত বা বরখাস্ত হইলে, বিশেষ বিবেচনায় তাহাকে সহানুভূতিমূলক ভাতা প্রদান করা যাইতে পারে, যাহার পরিমাণ অদক্ষতাজনিত কারণে তাহাকে বাধ্যতামূলক অবসর গ্রহণ করানো হইলে যে পরিমাণ অবসরভাতা পাইতেন সেই পরিমাণের দুই-ত্রৈয়াংশের বেশী হইবে না ।

(২) অবসর গ্রহণের সময় বা অন্য কোনভাবে চাকুরীর অবসানের সময়, কোন কর্মচারীর বিরুদ্ধে ঝঞ্জুক্ত কোন বিভাগীয় মামলা বা কোন আদালতে কোন ফৌজদারী মামলা বিচারাধীন থাকিলে, উক্ত মামলার রায় চূড়ান্ত না হওয়া পর্যন্ত তিনি বা তাঁহার পরিবার কোন অবসরভাতা বা অবসরজনিত সুবিধাদি গ্রহণ করিতে পারিবেন না ।

(৩) উপ-প্রবিধান(২) এ উল্লেখিত কোন মামলায় কোন কর্মচারী যদি কোন অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হন, তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর প্রাপ্য অবসরভাতা বা উহার অংশবিশেষ প্রদান না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিতে পারে ।

(৪) বিভাগীয় মামলায় বা ফৌজদারী আদালতে দায়েরকৃত মামলায় যদি দেখা যায় যে, সংশ্লিষ্ট কার্মচারীর অবহেলা বা প্রতারণার ফলে কর্তৃপক্ষের আর্থিক ক্ষতি হইয়াছে, তাহা হইলে কর্তৃপক্ষ তাঁহাদের বা তাঁহার পরিবারকে প্রদেয় অবসরভাতা বা অবসর জনিত সুবিধাদি হইতে উহার ক্ষতির টাকা আদায় করিতে পারিবে, এবং এইরূপ ক্ষতির টাকা আদায়ের উদ্দেশ্যে উক্ত অবসরভাতা বা অবসরজনিত সুবিধাদি প্রদান স্থগিত করা যাইবে ।

(৫) কোন কর্মচারী একই সময়ে দুইটি অবসরভাতা ভোগ করিতে পারিবেন না ।

(৬) কোন কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত, অবসর গ্রহণের প্রস্তুতিমূলক ছুটিকালে বা অবসর গ্রহণের দুই বৎসরের মধ্যে, কোন প্রতিষ্ঠানে আর্থিক সুবিধাসম্পন্ন পদে নিয়োগ গ্রহণ করিবেন না এবং এইরূপ নিয়োগ গ্রহণ করিলে তাঁহাদেকে অবসরভাতা প্রদান করা হইবে না।

(৭) কোন কর্মচারী বা তাঁহার পরিবারকে অবসরভাতা মঙ্গল করিবার পূর্বে তাঁহার চাকুরীকাল সন্তোষজনক ছিল কিনা তাহা যথাযথ কর্তৃপক্ষ পরীক্ষা করিয়া দেখিবে এবং উক্ত চাকুরীকাল সন্তোষজনক না হইলে যথাযথ কর্তৃপক্ষ উক্ত কর্মচারী বা তাহার পরিবারের প্রাপ্ত অবসরভাতা পরিমাণ সংশ্লিষ্ট অবস্থার প্রেক্ষিতে কমাইয়া দিতে পারিবে।

২৬। অর্জিত ছুটি নগদায়ন।—(১) চাকুরীতে থাকাকালে কোন কর্মচারী তাহার পাওনা অর্জিত ছুটি ভোগ না করিয়া থাকিলে তিনি বা তাঁহার মৃত্যুর ক্ষেত্রে, তাঁহার পরিবারবর্গ উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে, উক্ত জমাকৃত অর্জিত ছুটির অনধিক বার মাসের পরিবর্তে তাঁহার সর্বশেষ প্রাপ্ত মূল বেতনের সমান হারে, এককালীন নগদ অর্থ গ্রহণ করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন প্রাপ্ত অর্থ অবসর গ্রহণের প্রস্তুতিমূলক ছুটি শুরু হইবার পূর্বে গ্রহণ করা যাইবে না।

২৭। অবসরভাতা, ইত্যাদির আবেদন।—(১) কোন কর্মচারী বা মনোনীত ব্যক্তি অথবা অনুরূপ কোন মনোনয়ন না থাকিলে, তাহার পরিবার কর্তৃক ক্ষমতা প্রদত্ত ব্যক্তি এই প্রবিধানমালার অধীন অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি পাইবার উদ্দেশ্যে, তফসিল-৩ এর প্রথম অংশে বিধৃত ফরম পূরণ করিয়া উহাতে উল্লিখিত কাগজপত্রসহ আবেদন জমা দিবেন।

(২) উপ-প্রবিধান(১) এর অধীন দাখিলকৃত আবেদন সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষ সন্তুষ্ট হইলে, সংশ্লিষ্ট কর্মচারীর উর্ধ্বতন কর্মকর্তা উক্ত তফসিলের দ্বিতীয় ভাগে বিধৃত ফরমে প্রয়োজনীয় তথ্যাদি লিপিবদ্ধ করিয়া একই তফসিলের তৃতীয় ভাগে বিধৃত ফরমে প্রার্থীত অবসরভাতা বা অবসরজনিত সুবিধাদি মঙ্গল করিবেন এবং উক্ত তথ্যাদি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষণ করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান(২) এর অধীন অবসরভাতা বা অবসরজনিত সুবিধাদি মঙ্গল করা হইলে, আবেদনকারীকে উক্ত তফসিলের চতুর্থভাবে বিধৃত ফরমে একটি অবসরভাতা বহি প্রদান করা হইবে এবং এই বিহিতে প্রতি মাসে প্রদত্ত অবসর ভাতা লিপিবদ্ধ করা হইবে; উপরুক্ত কর্তৃপক্ষ এইরূপে প্রদত্ত অবসরভাতা সম্পর্কিত তথ্যাদি একটি রেজিস্টারে লিপিবদ্ধ ও সংরক্ষণ করিবে।

২৮। অবসরভাতা, ইত্যাদি পরিশোধের স্থান।—এই প্রবিধানমালা অধীন প্রদেয় অবসর ভাতা ও অন্যান্য সুবিধাদি যথাসম্ভব উহার প্রাপক কর্তৃক উল্লিখিত কর্তৃপক্ষের কোন অঞ্চলের অফিস বা কোন তফসিলি ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হইবে এবং উক্তরূপ কোন ব্যাংকের মাধ্যমে অবসরভাতা বা অন্যান্য সুবিধাদি পরিশোধের উদ্দেশ্যে কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের সহিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

২৯। প্রবিধানমালায় অন্তর্ভুক্ত নহে এইরূপ বিষয়।—অবসরভাতা এই প্রবিধানমালার অধীন প্রদেয় অবসরজনিত সুবিধাদি সংক্রান্ত কোন বিষয়ে এই প্রবিধানমালায় পর্যাপ্ত বিধান না থাকিলে উক্ত বিষয়ে সরকারী কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা, আদেশ, নির্দেশ বা নিয়মাবলী অনুসরণ করা হইবে এবং এইরূপ অনুসরণে কোন অসুবিধা দেখা দিলে এতদ্বিষয়ে সরকারের কোন সাধারণ নির্দেশ সাপেক্ষে, কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

৩০। অবসর গ্রহণ, ইত্যাদি বিষয়ে **Act XII of 1974** এর প্রয়োগ।—এই প্রবিধানমালার বিধানাবলী Public Servants Retirement Act 1974 (XII of 1974) এর বিধানাবলী সাপেক্ষে প্রযোজ্য হইবে এবং উভয়ের মধ্যে অসংগতির ক্ষেত্রে উক্ত Act এর বিধান প্রাধান্য পাইবে।

৩১। চাকুরী প্রবিধানমালার সংশোধন।—চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯০ এর প্রবিধান ৫৩ বিলুপ্ত হইবে।

### তফসিল-১

#### {প্রবিধান ১৯ এবং ২১ দ্রষ্টব্য}

	গণনাযোগ্য	প্রাপ্য অবসর ভাতার হার (সর্বশেষ প্রাপ্ত মূল বেতনের %)
(ক)	১০ বৎসর	৩২
(খ)	১১ বৎসর	৩৫
(গ)	১২ বৎসর	৩৮
(ঘ)	১৩ বৎসর	৪২
(ঙ)	১৪ বৎসর	৪৫
(চ)	১৫ বৎসর	৪৮
(ছ)	১৬ বৎসর	৫১
(জ)	১৭ বৎসর	৫৪
(ঝ)	১৮ বৎসর	৫৮
(ঞ)	১৯ বৎসর	৬১
(ট)	২০ বৎসর	৬৪
(ঠ)	২১ বৎসর	৬৭
(ড)	২২ বৎসর	৭০
(ঢ)	২৩ বৎসর	৭৪
(ণ)	২৪ বৎসর	৭৭
(ত)	২৫ বৎসর বা তদূর্ধৰ	৮০

## তফসিলগুৰু

(প্রবিধান ২৪ (১) দ্রষ্টব্য)

অবসরভাতা ও অন্যান্য সুবিধাদি গ্রহণের মনোনয়নপত্র

মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণের নাম ও ঠিকানা	কর্মচারীর সহিত মনোনীত ব্যক্তির সম্পর্ক	মনোনীত ব্যক্তির বয়স।	মনোনীত ব্যক্তি একাধিক হইলে প্রত্যেকের প্রাপ্য অবসর ভাতার পরিমাণ (শতকরা হারে)	যদি মনোনীত ব্যক্তি মনোনয়নকারী কর্মচারীর পূর্বে মারা যান সেক্ষেত্রে এই অধিকার যাহার উপর বর্তাইবে তাহার নাম, ঠিকানা ও সম্পর্ক (যদি থাকে)।
১	২	৩	৪	৫

১

২

৩

সাক্ষী :

১..... কর্মচারীর দন্তখত :  
 ২..... নামঃ .....  
 তারিখঃ..... পদবীঃ.....  
 তারিখঃ..... বিভাগ/শাখাঃ.....  
 তারিখঃ.....

## তফসিল শিরোনাম

(প্রবিধান ২৭ (১) দ্রষ্টব্য )

## প্রথম ভাগ

## ১৫ক' অংশ

(অবসরভাতা/অবসরজনিত অন্যান্য সুবিধাদি এর জন্য আবেদনপত্র)

- ১। কর্মচারীর নাম (স্পষ্টাক্ষরে) :
- ২। অবসর গ্রহণকালে পদবী ও কর্মস্থল :
- ৩। জন্ম তারিখ :
- ৪। চাকুরীতে যোগদানের তারিখ :
- ৫। কর্মচারীর বয়স ৫৭ বৎসর পূর্ণ হওয়া/ চাকুরীর ২৫ বৎসর পূর্তিতে স্বেচ্ছায় অবসর গ্রহণ/কর্তৃপক্ষ কর্তৃক অবসর প্রদান/ বিভাগীয় মামলায় কর্তৃপক্ষ কর্তৃক অবসর প্রদান এর ক্ষেত্রে অবসর কার্যকর হওয়ার তারিখ ।
- ৬। ক্ষতিপূরণমূলক অবসরভাতা/অক্ষমতাজনিত অবসরভাতা/পরিবারের জন্য অবসরভাতা এর ক্ষেত্রে যে তারিখ হইতে উক্ত ভাতা প্রাপ্য হইয়াছে (অপ্রযোজ্যতি কাটিয়া দিন) ।
- ৭। গণনাযোগ্য চাকুরীকাল :
- ৮। সর্বশেষ প্রাপ্ত মূল বেতন :
- ৯। অবসরভাতা প্রাপ্য হইলে উহার যে পরিমাণ সমর্পণ করিতে ইচ্ছুক (শতকরা হারে) ।
- ১০। অর্জিত ছুটি নগদায়নের ক্ষেত্রে, প্রাপ্য ছুটির পরিমাণ ।

- ১১। কর্মচারী স্বয়ং আবেদনকারী না হইলে—
- (ক) আবেদনকারীর নামগুরুত্বকানা ৪
- (খ) কর্মচারীর সহিত আবেদনকারীর সম্পর্ক ৪
- (গ) আবেদনকারী কর্মচারী কর্তৃক মনোনীত ৪  
হইয়াছেন কিনা (মনোনীত না হইলে প্রাপকগণ  
প্রদত্ত ক্ষমতাপত্র দাখিল করিতে হইবে)।
- ১২। কর্তৃপক্ষের যে অফিস হইতে অবসরভাতা/অন্যান্য সুবিধাদির টাকা পাইতে আগ্রহী—
- (ক) অবসরভাতা ৪
- (খ) সমর্পিত অবসরভাতার পরিবর্তে এককালীন ৪  
থোক টাকা।
- (গ) অর্জিত ছুটি নগদায়নের টাকা ৪

#### ঘোষণাপত্র :

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উপরে প্রদত্ত সকল তথ্য আমার জানামতে সঠিক এবং  
আমি নির্ধারিত ফরমে ইতিপূর্বে অবসরভাতার জন্য দরখাস্ত করি নাই। এই আবেদনের সূত্রে আমি যদি  
কোন অতিরিক্ত অবসরভাতা বা অন্যান্য অর্থ গ্রহণ করি, তাহা ফেরৎ দিতে বাধ্য থাকিব।

তারিখঃ.....

.....  
কর্মচারী/আবেদনকারীর দন্তখত।

“খ”—অংশ

(কর্মচারীর/আবেদনকারীর নমুনা স্বাক্ষর ও আঙুলের ছাপ)

আবেদনপত্রের “ক”—অংশে উল্লিখিত অবসরভাতা/অবসরজনিত সুবিধাদি গ্রহণের উদ্দেশ্যে আমি  
এতদ্বারা আমার নমুনা স্বাক্ষর ও আঙুলের ছাপ নিম্নে প্রদান করিলাম :

নমুনা স্বাক্ষর

(১).....(২).....(৩).....

আঙুলের ছাপ

বৃদ্ধাঙ্গুলি :	তর্জনী :	মধ্যমা :	অনামিকা :	কনিষ্ঠা :
----------------	----------	----------	-----------	-----------

কর্মচারীর/আবেদনকারীর দন্তখত

নামঃ.....

তারিখঃ.....

সত্যায়িত

.....  
উদ্বৃত্তন কর্মকর্তার দন্তখত।

তফসিল শি ৩  
(প্রবিধান ২৭ (২) দ্রষ্টব্য )

দ্বিতীয় ভাগ

“ক” অংশ

(অবসর ভাতা/অবসরজনিত সুবিধাদির আবেদনপত্র প্রাপ্তির পর কর্মচারীর উর্ধ্বতন কর্মকর্তা নিম্নের অংশ পূরণ করিবেন):

১। কর্মচারীর নাম	:
২। পিতার নাম	:
৩। জাতীয়তা	:
৪। কর্মচারীর সহিত ডাকযোগে যোগাযোগের ঠিকানা	:
৫। অবসরভাতা প্রাপ্ত হইবার অব্যবহিত পূর্বে কর্মচারীর পদের নাম :	:
৬। কর্মচারীর জন্ম তারিখ	:
৭। সন্মতকরণ চিহ্ন	:
৮। চাকুরীতে যোগদানের তারিখ	:
৯। অবসরভাতা প্রাপ্ত্যাক্রম তারিখ	:
১০। আবেদনপত্র দাখিলের তারিখ	:
১১। গণনাযোগ্য চাকুরীকাল	:
১২। প্রার্থিত অবসরভাতা ও অন্যবিধি সুবিধার ধরণ	:
১৩। সর্বশেষ প্রাপ্ত মূল বেতন	:
১৪। প্রার্থিত মাসিক অবসরভাতার মোট পরিমাণ	:
১৫। প্রস্তাবিত সমর্পণের পরিমাণ	:
১৬। প্রাপ্ত নীট অবসরভাতার পরিমাণ	:
১৭। অবসরভাতা ইত্যাদি পরিশোধের স্থান— (ক) অবসরভাতা (খ) সমর্পিত অবসরভাতার পরিবর্তে এককালীন থোক টাকা (গ) অর্জিত ছুটি নগদায়নের টাকা	:
১৮। যে তারিখে অবসরভাতা প্রদেয় হইয়াছে বা হইবে	:

.....  
উর্ধ্বতন কর্মকর্তার দন্তখত

তফসিল শি ৩  
(প্রবিধান ২৭ (২) দ্রষ্টব্য )

দ্বিতীয় ভাগ

“খ” অংশ

(গণনাযোগ্য চাকুরীর হিসাব)

(প্রশাসন বিভাগ পূরণ করিবে)

চাকুরী ছুটি ইত্যাদির বর্ণনা	হইতে.....	পর্যন্ত .....সময়কাল.....
-----------------------------	-----------	---------------------------

- (১) অগণনাযোগ্য চাকুরীকাল (যদি থাকে তাহাসহ)।
- (২) অসাধারণ ছুটি
- (৩) কর্মরত বা ছুটি হিসাবে গণ্য হয় না এইরূপ সাময়িকভাবে বরখাস্ত থাকার সময়কাল (যদি থাকে)।
- (৪) চাকুরীকালে কোন বিরতি থাকিলে উহার সময়কাল
- (৫) বিরতি মার্জনা না করা হইলে বিরতির পূর্ববর্তী চাকুরীকাল।
- (৬) ইস্তফাদানের ফলে বাজেয়াপ্তকৃত চাকুরীকাল।
- (৭) অননুমোদিত অনুপস্থিতি।  
সর্বমোট চাকুরীকাল

নৌট গ্রহণযোগ্য চাকুরীকাল

.....গণনাযোগ্য

চাকুরীতে মার্জনাকৃত ঘাটতি.....

সর্বমোট গণনাযোগ্য চাকুরী .....বৎসর.....মাস.....দিন.....

.....  
প্রশাসন বিভাগের  
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার দন্তখত।

তফসিল শি ৩  
(প্রবিধান ২৭ (২) দ্রষ্টব্য )

দ্বিতীয় ভাগ

“গ” অংশ

(অবসরভাতার/অর্জিত ছুটি নগদায়নের হিসাব)

(হিসাব বিভাগ পূরণ করিবে)

১।	প্রাপ্য মোট অবসর ভাতার পরিমাণ	.....
		সর্বশেষ প্রাপ্ত মাসিক মূল বেতন
		.....টাকার.....
		.....(% হারে)
		.....টাকা
২।	শতকরা.....	ভাগ.....
	সমর্পণের পর নেট অবসর ভাতার পরিমাণ।	
৩।	প্রথম ৫০%	
	সমর্পিত অবসর ভাতা.....	
	টাকার প্রতি টাকার বিপরীতে প্রাপ্য এককালীন	
	থোক টাকার পরিমাণ।	.....
৪।	পরবর্তী ৫০% সমর্পিত অবসর ভাতা	
	.....টাকার প্রতি টাকার	
	বিপরীতে প্রাপ্য এককালীন থোক টাকার	
	পরিমাণ।	.....
৫।	কর্মচারীর অর্জিত ছুটির নগদায়নের বিবরণঃ	
	(ক) ছুটির পরিমাণ.....	
	(খ) প্রাপ্য টাকার পরিমাণ.....	

.....  
হিসাব বিভাগের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার দন্তখত

তফসিল শিরোনাম  
(প্রবিধান ২৭ (২) দ্রষ্টব্য )

দ্বিতীয় ভাগ

“ঘ” অংশ

(যথাযথ কর্তৃপক্ষের আদেশ)

নিম্নস্বাক্ষরকারী এই মর্মে সন্তুষ্ট হইয়াছেন যে, জনাব/বেগম.....  
এর সম্পূর্ণ চাকুরীকাল সন্তোষজনক। সুতরাং অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত হওয়ার  
সাপেক্ষে তাহাকে মাসিক নীট অবসর ভাতা.....টাকা এককালীন  
থোক টাকা এতদ্বারা মঙ্গুর করা হইল।

অথবা

নিম্নস্বাক্ষরকারী এই মর্মে সন্তুষ্ট হইয়াছেন যে, জনাব/বেগম.....  
এর সম্পূর্ণ চাকুরীকাল সন্তোষজনক নহে এবং সেই কারণে তাহার অবসর ভাতা নিম্নবর্ণিত হাবে ত্রাস  
করিয়া, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত হওয়ার সাপেক্ষে, মঙ্গুর করা হইল।

- (ক) নীট অবসর ভাতার পরিমাণ.....  
(খ) এককালীন থোক টাকা.....  
(গ) অর্জিত ছুটির নগদায়ন.....

অবসর ভাতার প্রাপ্যতা শুরু হইবার তারিখঃ.....

.....  
চেয়ারম্যান এর দন্তখত ও সীল।

## তফসিল গু ৩

(প্রবিধান ২৭ (২) দ্রষ্টব্য )

দ্বিতীয় ভাগ

১৬” অংশ

(হিসাব বিভাগ/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ পূরণ করিবে)

১।	নিরীক্ষাত্তে অনুমোদনযোগ্য গণনাযোগ্য চাকুরীর পরিমাণ	.....
২।	গণনাযোগ্য চাকুরী গণনার ক্ষেত্রে প্রশাসন বিভাগের সহিত দ্বিমত পোষণের সংক্ষিপ্ত কারণ, যদি থাকে	.....
৩।	নিরীক্ষাত্তে অনুমোদনযোগ্য— (ক) অবসর ভাতার পরিমাণ (খ) এককালীন থোক টাকার পরিমাণ (গ) অর্জিত ছুটি নগদায়ন এর পরিমাণ	.....
৪।	ক্রমিক নং-৩ এ উল্লিখিত পরিমাণ সম্পর্কে প্রশাসন বিভাগের সহিত দ্বিমত পোষণের সংক্ষিপ্ত কারণ।	.....
৫।	অবসর ভাতার আপ্যতার শুরু হইবার তারিখ	.....

.....  
অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের  
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার দন্তখত।

(প্রশাসন বিভাগ পূরণ করিবে)

- ১। অবসর ভাতার হিসাব নিরীক্ষাত্তে দেখা যায় যে, উহার হিসাব সঠিক পরিমাণ.....
- ২। অবসর ভাতার/এককালীন থোক টাকা/অর্জিত ছুটি নগদায়ন এর ইস্যুর নম্বর.....  
.....তারিখ.....

.....  
প্রশাসন বিভাগের ক্ষমতাপ্রাপ্ত  
কর্মকর্তার দন্তখত।

তফসিল - ৩  
(প্রবিধান ২৭ (২) দ্রষ্টব্য )

তৃতীয় ভাগ

(অবসর ভাতা, ইত্যাদি প্রদানের আদেশ)

নম্বর.....

তারিখঃ

ইংরেজী  
বাংলা

অবসর ভাতার শ্রেণী ও উহা মঙ্গুরীর আদেশের তারিখ	গ্রহণকারীর ব্যক্তিগত সন্তুষ্টকরণ চিহ্ন	উচ্চতা মিটার/সেন্টিমিটার	জন্ম তারিখ	গ্রহণকারীর ঠিকানা	প্রদেয় মাসিক অবসর ভাতার পরিমাণ
--	---	-----------------------------	------------	----------------------	---

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এতদ্বারা জনাব/বেগম..... এর  
অবসর গ্রহণের প্রেক্ষিতে—

- (ক) নৌট অবসর ভাতা হিসাবে .....টাকা মঙ্গুর করা  
হইল। উক্ত অবসর ভাতা প্রতিমাস শেষ হইবার পর তাহাকে/মনোনীত বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি  
জনাব/বেগম.....কে প্রদানযোগ্য হইবে।
- (খ) .....টাকা সমর্পণের বিপরীতে.....টাকা এককালীন  
মঙ্গুর করা হইল, যাহা এককালীন তাহাকে/মনোনীত বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি  
জনাব/বেগম.....কে প্রদানযোগ্য হইবে।
- (গ) অর্জিত ছুটির নগদায়ন বাবদ.....টাকা মঙ্গুর করা হইল, যাহা তাহাকে মনোনীত  
ব্যক্তি/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি জনাব/বেগম.....কে প্রদানযোগ্য হইবে।

.....  
যথাযথ কর্তৃপক্ষের দন্তখত

তফসিল - ৩  
(প্রবিধান ২৭ (৩) দ্রষ্টব্য )

চতুর্থ ভাগ

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ অবসরভাতা পরিশোধ বহি

	ছবি	
--	-----	--

অবসরপ্রাপ্ত কর্মচারীর নাম ও সর্বশেষ পদ.....

অবসর ভাতা গ্রহণকারীর নাম.....

কর্মচারী/অবসর ভাতা গ্রহণকারীর ঠিকানা.....

অবসরভাতা প্রাপ্ত্য ও জন্ম তারিখ অবসরভাতার প্রকৃতি মাসিক মোট অবসর ভাতার পরিমাণ  
অনুমোদনের তারিখ

সূত্র নং.....

তারিখ.....

পরবর্তী নির্দেশ প্রদান না করা  
পর্যন্ত নিম্নবর্ণিত ব্যক্তিকে নিম্ন  
বর্ণিতভাবে প্রদান করণও

জনাব/বেগম.....

নীট অবসর ভাতার.....(টাকা কথায়).....টাকা  
যাহা প্রতিমাস শেষ হওয়ার পর পরিশোধযোগ্য এবং সমর্পিত অবসর ভাতার বিপরীতে  
এককালীন.....টাকা পদান করণ।

.....  
যথাযথ কর্তৃপক্ষের দন্তখত

প্রতি

.....  
.....  
.....

প্রদত্ত অবসর ভাতার বৎসর ও মাস	পরিশোধের তারিখ	প্রদত্ত টাকার পরিমাণ	বিতরণকারী কর্মকর্তার স্বাক্ষর	মন্তব্য
-------------------------------------	-------------------	-------------------------	----------------------------------	---------

জানুয়ারি/২০

ফেব্রুয়ারি/২০

মার্চ/২০

এপ্রিল/২০

মে/২০

জুন/২০

জুলাই/২০

আগস্ট/২০

সেপ্টেম্বর/২০

অক্টোবর/২০

নভেম্বর/২০

ডিসেম্বর/২০

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের আদেশক্রমে

অদুদুল বারী চৌধুরী  
সচিব  
চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ  
চট্টগ্রাম।

---

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মন্ত্রিত।

মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)